অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ

ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের মূল কার্যক্রম হচ্ছে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ এবং বাজেট অনুবিভাগসমূহের কাজের সাথে সমন্বিতভাবে কর রাজস্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন এবং কর রাজস্ব আদায়ের অগ্রগতি পরিবীক্ষণ; জাতীয় রাজস্ব বোর্ডের আওতা বহির্ভূত কর-রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন; কর বহির্ভূত রাজস্ব ধার্য ও আদায় কার্য পরিবীক্ষণ; ঋণ মিশ্রণ (debt mix) অর্থাৎ ঋণ কোন কোন সূত্র থেকে গৃহীত হবে তা নির্ধারণ; বৈদেশিক ঋণের শর্ত-নির্ভরশীলতা (conditionality) ও সরকারি ঋণের টেকসই অবস্থা (debt sustainability) বিশ্লেষণ ও পরিবীক্ষণ; সরকারি বন্ডের বাজার সম্প্রসারণ বিষয়ক কার্যক্রম পরিচালনা; বাংলাদেশ সরকারের প্রাপ্য ডিএসএল (Debt Service Liability) এর অর্থ আদায়; সরকারের বাজেট থেকে প্রদত্ত ঋণ সংক্রান্ত চুক্তি সম্পাদন; বৈদেশিক চুক্তি সংক্রান্ত খসড়া পর্যালোচনা, বিশ্ব ব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং আর্টিকেল-৪ কনসালটেশন ব্যতিত আইএমএফ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন। ২০১৮-১৯ অর্থ বছরে ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ এর সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ডিএসএল

- বিভিন্ন Subsidiary Loan Agreement (SLA)/Loan Agreement (LA) সম্পাদনের বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- বিভিন্ন সংস্থার বিভিন্ন কিস্তির অর্থ ছাড়ের ক্ষেত্রে ডিএসএল অধিশাখার মতামত প্রদান করা হয়েছে;
- "ডিএসএল (লগ্নী-পুনঃলগ্নী) হিসাব বিবরণী ও নির্দেশিকা (২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত)" পুস্তিকাটি বিভিন্ন স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত, এবং স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহকে পুস্তিকার ২টি করে কপি প্রেরণ করা হয়েছে এবং পুস্তিকার সফট কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;
- বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত ডিএসএল পরিশোধ ত্বরান্বিত করার জন্য সভা আহবান করা হচ্ছে;
- ২০১৯-২০ অর্থবছরের জন্য সংস্থাওয়ারী আসল ও সুদ বাবদ প্রাপ্য অর্থের হিসাব সংযুক্ত তহবিল প্রাপ্তি বাজেটে প্রদর্শনের নিমিত্ত ডিএসএল বাজেট প্রণয়নপূর্বক জাতীয় বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- 'সরকারি ইক্যুইটির হিসাব ও নির্দেশিকা' (৩১ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত) পুস্তিকাটি বিভিন্ন স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত, এবং স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহকে পুস্তিকার ২টি করে কপি প্রেরণ করা হয়েছে এবং পুস্তিকার সফট কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

- ঋণ পুনঃতফসিলিকরণ, ইক্যুইটিতে রূপান্তর, ডিএসএল মওকুফ বা বকেয়ার সাথে সমন্বয় ইত্যাদি বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রেরিত প্রস্তাবের ওপর মতামত প্রদান করা হয়েছে;
- ক্রেডিট লাইন ভিত্তিক পরিশোধিত ডিএসএল (DSL) ডাটা এন্ট্রির মাধ্যমে MS Excel এ সংরক্ষণ করা হচ্ছে;
- ফাইনান্সিয়াল রির্পোটিং আইন, ২০১৫ অনুযায়ী ফাইনান্সিয়াল রির্পোটিং কাউন্সিলে ২ জন নির্বাহী পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে এবং আরও ২ জন নির্বাহী পরিচালক নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে;
- ফাইনান্সিয়াল রির্পোটিং কাউন্সিলের সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে; এবং
- অর্থ বিভাগের সাথে ফাইনান্সিয়াল রির্পোটিং কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়েছে।

ট্রেজারি ব্যবস্থাপনা

ক. মুদ্রা মুদ্রণ: অর্থ সচিব মহোদয়ের স্বাক্ষর সংযোজনপূর্বক ২ টাকা ও ৫ টাকা মূল্যমানের কারেন্সি নোট ইস্যু করা হয়েছে;

খ. অচল ঘোষিত স্ট্যাম্প বিনষ্টকরণ: সুনামগঞ্জ, পাবনা, নওগাঁ ও বরগুনা জেলা ট্রেজারিতে প্রতিনিধি প্রেরণের মাধ্যমে অচল ঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন স্ট্যাম্পসমূহ বিনষ্টকরণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা হয়েছে;

গ. ট্রেজারি কার্যক্রম চালুকরণ: সোনালী ব্যাংক লি: তাজপুর শাখা, সিলেট এবং নলডাঙ্গা হাট শাখা, নাটোরকে ট্রেজারী কার্যক্রম (আদান-প্রদান) পরিচালনার বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে। এছাড়া সোনালী ব্যাংক লি: এর সাগরদী শাখা, বরিশাল, মোংলা পোর্ট শাখা, বাগেরহাট এবং ধানমন্ডি কর্পোরেট শাখা, ঢাকাসহ মোট ৯২টি শাখাকে ট্রেজারি কার্যক্রম (শুধুমাত্র আদান) পরিচালনার বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করা হয়েছে;

- **প্যাডলক সরবরাহ:** চট্টগ্রাম জেলা ট্রেজারির চাহিদার প্রেক্ষিতে ৮৫ এম.এম. সাইজের ২টি এবং দিনাজপুর ট্রেজারির চাহিদার প্রেক্ষিতে ৮৫ এম.এম. সাইজের ১টি প্যাডলক সরবরাহ করা হয়েছে। তাছাড়া চুয়াডাঙ্গা জেলার ট্রেজারিতে ব্যবহারের জন্য ৬৫ এম.এম সাইজের ১টি প্যাডলক সরবরাহ করা হয়েছে;
- **বাজেট প্রণয়ন ও অর্থ বরাদ্দ:** '১০৯০২ ট্রেজারি প্রতিষ্ঠান' খাতের বাজেট প্রণয়ন ও বরাদ্দ প্রদান এবং ০৯০৩ টাকশাল ও ০৯০৪ মুদ্রা খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে; এবং
- **অগ্রিম বেতনঃ** পবিত্র ঈদ-উল-আযহা আগস্ট ২০১৮ এবং পবিত্র ঈদ-উল ফিতর মে ২০১৯ উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত কর্মরত নন-গেজেটেড কর্মচারী, সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানের আদেশ জারি করা হয়েছে।

পিপিপি ইউনিট

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাবিত পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) প্রকল্পের আর্থিক ও বাণিজ্যিক মডেল বিশ্লেষণপূর্বক সম্ভাব্য আর্থিক সহায়তা [Viability Gap Financing (VGF)]-এর যৌক্তিকতা নিরূপণ করা হয়েছে;
- পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত ২০১৮-১৯ অর্থবছরে অর্থ বিভাগ হতে সেতু বিভাগের অধীনে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতায় বাস্তবায়নাধীন "ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে" শীর্ষক প্রকল্পের অনুকূলে Viability Gap Financing (VGF) প্রদানের নীতিগত অনুমোদন প্রদান দেয়া হয়েছে;

- "Rules for Public-Private Partnership Technical Assistance Financing (PPPTAF), 2018" এবং "Rules for Viability Gap Financing (VGF) for Public-Private Partnership (PPP) Projects, 2018" প্রণয়ন করা হয়েছে; এবং
- পিপিপি বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা এবং পিপিপি কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধনজনিত কাজ সম্পন্ন হয়েছে।

নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারি হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণের বিদ্যমান কাঠামোতে নতুন উপহিসাব খোলার পরিপত্র জারী করা হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন রাষ্ট্রায়ত্ব ও সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক জনগুরুত্বপূর্ণ প্রকল্পে অর্থায়ন এবং নিত্য প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দ্রব্য বা সেবা আমদানি অর্থায়নের বিপরীতে নিম্নলিখিত রাষ্ট্রীয় গ্যারান্টি প্রদান:

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	গ্যারান্টির সংখ্যা	গ্যারান্টির পরিমাণ
০১	বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি)	২টি	৫,০০০ কোটি টাকা
০২	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)	১টি	৫০০ কোটি টাকা
০৩	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)	৩টি	৩০০ মিঃ মার্কিন ডলার
০৪	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)	৫টি	৪,৮০০ কোটি টাকা
০৫	কর্মসংস্থান ব্যাংক	১টি	২০০ কোটি টাকা
০৬	টিসিবি (ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ)	৪টি	৪৬.০২৭২ কোটি টাকা
০৭	বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড	৩টি	৩২২.৬৩৩ মিঃ মাঃ ডলার
০৮	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	১টি	২৮১.৪১ মিঃ মার্কিন ডলার

- অর্থ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ত্রৈমাসিক/অর্ধ-বার্ষিক/বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ;
- বাংলাদেশ ব্যাংক এর ব্যাংক হিসাব Verification;
- পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিট্যাল এ্যান্ড মেইনটেইন্যান্স ড্রেজিং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক Sovereign Availability Paymant Guarantee-এর নীতিগত সম্মতি প্রদান;
- জ্বালানি তেল আমদানি অর্থায়নে ২০১৯ সালে আইটিএফসি-জেদ্দা থেকে ১০০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা গ্রহণ সম্পর্কে অর্থ বিভাগের মতামত প্রদান;
- আন্তজার্তিক মুদ্রা তহবিল (আইএমএফ) কর্তৃক পাবলিক ইনভেষ্টমেন্ট অ্যাসেসমেন্ট-২০১৮ এর কতিপয় প্রশ্নমালার ভিত্তিতে এ অনুবিভাগের মতামত প্রেরণ;
- RPCL-NORINCO Intl. Power Ltd (RNPL) কর্তৃক পটুয়াখালী ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নকল্পে গৃহীতব্য ঋণের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান;
- জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর প্রেরণ;

- “উন্নয়নের দশ বছর (২০০৮-০৯ হতে ২০১৭-১৮) অর্থ মন্ত্রণালয়ের ভূমিকা” শীর্ষক পুস্তিকা প্রকাশনার জন্য অর্থ বিভাগের কর্মপ্রচেষ্টা সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রেরণ;
- অর্থ বিভাগের সাথে ‘Moody’s Investors Service (Moodys) এর সভার জন্য তথ্য প্রেরণ;
- সরকারি খাতে Buyer’s Credit Financing এর মাধ্যমে খুলনা ৩৩০ মে.ও. ডুয়েল-ফুয়েল কম্বাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য বৈদেশিক ঋণদাতা সংস্থার পেশকৃত Final Draft Financial Facility Agreement এবং Sovereign Guarantee Format এর উপর অর্থ বিভাগের মতামত প্রদান;
- “ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প” শীর্ষক প্রকল্পের জন্য অর্থ বিভাগ হতে রাষ্ট্রীয় গ্যারান্টির ঘটনোত্তর নীতিগত সম্মতি প্রদান;
- Bangladesh-China Power Company Ltd. (BCPCL) কর্তৃক পায়রা ১৩২০ মেগাওয়াট থার্মাল পাওয়ার প্লান্ট প্রকল্প (২য় পর্যায়) বাস্তবায়নের জন্য গৃহীতব্য মোট ঋণের নওপাজোকো’র ৫০% অংশের জন্য ECA প্রস্তাবিত ঋণের বিপরীতে Sovereign Guarantee প্রাপ্তির বিষয়ে নীতিগত সম্মতি প্রদান;
- বাংলাদেশ ব্যাংকে রক্ষিত ট্রেজারি সিঙ্গেল একাউন্টের স্থিতি সম্পর্কিত তথ্য প্রদান;
- বিটিআরসি ও এইচএসবিসি এর মধ্যে স্বাক্ষরিত ঋণ চুক্তি (Facility Agreement) অনুযায়ী ঋণের অর্থ Drawdown (Availability period) এর সময়সীমা ১১ সেপ্টেম্বর ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা;
- বাংলাদেশ ব্যাংক হতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অনুকূলে ৫০০ কোটি টাকা পুনঃঅর্থায়নযোগ্য ঋণের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান;
- মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতি মাসিক ও সময়ে সময়ে চাহিত তাৎক্ষণিক প্রতিবেদন প্রেরণ;
- Sylvan Agriculture Limited কে প্রদেয় Non-Sovereign Loans এর বিষয়ে অর্থ বিভাগের মতামত/অনাপত্তি প্রদান;
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ‘‘মৎস্য ও প্রাণিসম্পদ ঋণ সহায়তা কর্মসূচী” এর আওতায় ২০০.০০ কোটি টাকা ঋণ সুবিধার বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান;
- বাংলাদেশ সরকার নিয়ন্ত্রিত ওয়াকফ্ প্রতিষ্ঠান আইডিবি-বিআইএসইডব্লিউ কর্তৃক বাস্তবায়িতব্য বাণিজ্যিক ভবন ও কনভেনশন সেন্টার নির্মাণের জন্য গৃহীতব্য ঋণের অনুকূলে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান;
- ৩টি Dash-8-Q-400-NG উড়োজাহাজের Delivery Payment (DP) অর্থায়ন বাবদ সর্বোচ্চ ৮০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ গ্রহণের লক্ষ্যে Sovereign Guarantee’র নীতিগত সম্মতি প্রদান;
- IDA financing 6163-BD এর অধীনে “Cash Transfer Modernisation (CTM)” শীর্ষক প্রকল্পের বাজেট সহায়তা অংশের ব্যাংক হিসাবের তথ্য প্রদান;
- আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) এর Article IV মিশনের জন্য যাচিত তথ্য প্রেরণ;
- বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে ১০০০.০০ কোটি টাকা পুনঃঅর্থসংস্থান ঋণ মঞ্জুরীর বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান;
- বাংলাদেশের সরকারি ঋণ ব্যবস্থাপনা এবং রিপোর্টিং এর উপর প্রণীত সিএজি’ বিশেষ নিরীক্ষা প্রতিবেদন ২০০৯-২০১০ খ্রিঃ এর উপর ফলোআপ অডিট মন্তব্যের বিষয়ে কার্যক্রম গ্রহণপূর্বক এ বিষয়ে অর্থ বিভাগকে অবহিত করার জন্য পত্র প্রেরণ;
- ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কার্যাবলী সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ; এবং
- ৩০শে জুন ২০১৯ তারিখের পরও কার্যকর রাষ্ট্রীয় গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির তালিকা প্রস্তুতকরণ ও বাজেট সংক্ষিপ্তসারে অন্তর্ভুক্তকরণ।

ঋণ ব্যবস্থাপনা

- সরকারের আর্থিক নীতির (Fiscal Policy) আলোকে সরকার কর্তৃক ঋণ সংগ্রহের বার্ষিক কর্মকল্পনা প্রণয়ন ও এ সংক্রান্ত কৌশল (Strategy) নির্ধারণ;
- সরকারের দৈনিক নগদ পরিস্থিতি পর্যবেক্ষণপূর্বক ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ডের মাধ্যমে ঋণ গ্রহণের লক্ষ্যে প্রতিমাসে অকশন ক্যালেন্ডার প্রণয়ন;
- সরকারের সার্বিক ঋণ পরিস্থিতি সম্পর্কিত বিশ্লেষনমূলক সারসংক্ষেপ প্রণয়নপূর্বক মাননীয় অর্থমন্ত্রীকে অবহিতকরণ এবং এ বিষয়ে পরবর্তী দিক নির্দেশনা গ্রহন;
- সরকারের আর্থিক ব্যবস্থাপনা সংস্কার কৌশলপত্রে ঋণ ব্যবস্থাপনা সংস্কারের বিষয়ে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি নির্দেশক নির্ধারণ;
- সরকারের Cash and Debt Management Committee (CDMC)'র ০৩ (তিন) টি সভা এবং Cash and Debt Management Technical Committee (CDMTC)' র ১২ টি সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি ও সভাসমূহে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ;
- ব্যাংকিং উৎস (Market) হতে গৃহীত দীর্ঘমেয়াদি এবং স্বল্পমেয়াদী ঋণের আসল ও সুদ পরিশোধের প্রাক্কলণ চূড়ান্তকরণ ও প্রক্ষেপণ প্রণয়ন;
- ব্যাংক বর্হিভূত উৎস (Retail) হতে গৃহীত ঋণের আসল ও সুদ পরিশোধের প্রাক্কলন চূড়ান্তকরণ ও প্রক্ষেপণ প্রণয়ন;
- সরকারের ঋণ উপাত্ত (data) সংগ্রহ ও সংরক্ষন;
- অর্থ বছরের শেষে সরকারের বৈদেশিক ও অভ্যন্তরীণ উৎস হতে গৃহীত ঋণের স্হিতি বিবরণী প্রণয়ন ও সে অনুযায়ী redemption profile প্রণয়ন;
- সরকারের নগদ ব্যবস্থাপনাকে আরো কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে ১৪ দিন মেয়াদি ট্রেজারি বিল প্রবর্তন;
- সরকারের ঋণ সংক্রান্ত হিসাব মিলকরনের (Reconciliation) বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় সহ সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয়কের ভূমিকা পালন এবং প্রতিনিয়ত তা পরিবীক্ষণ;
- সরকারের নগদ উদ্বৃত্তের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরকারি সিকিউরিটিজের নিয়মিত buy-back করার সিদ্ধান্ত গ্রহন;
- বন্ড বাজারের গভীরতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মতবিনিময় ও প্রাপ্ত মতামত CDMC তে উপস্থাপন;
- বার্ষিক ঋণ বুলেটিন প্রণয়ন;
- MTDS হালনাগাদ করন;
- জাতীয় সঞ্চয়পত্রের সমন্বিত সংস্কারের রুপরেখা সম্বলিত ধারণা পত্র প্রণয়ন;
- বিদ্যমান পেনশন ব্যবস্থার সংস্কার ও সার্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে কার্যক্রম গ্রহন;
- সারভৌম সম্পদ তহবিল (SWF) গঠনে প্রক্রিয়াগত/ পদ্ধতিগত বিষয়াদি পর্যালোচনা পূর্বক সুপারিশ প্রদান;
- DMFAS v6.0 এ ঋণ ডাটা সংরক্ষন;
- সরকারি ইসলামি ট্রেজারি বন্ড ইস্যুর লক্ষ্যে ধারণাপত্র প্রনয়ন ও সরকারের নিকট উপস্থাপন; এবং
- রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সংঙ্গে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন।

এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ)

- ২০১৭-১৮ এর সংশোধিত এবং ২০১৮-১৯ অর্থ বছরের নন-এনবিআর ও নন-ট্যাক্স রেভিনিউ বাজেট প্রণয়ন;
- নন-ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেইট সংক্রান্ত Database প্রণয়ন ও হালনাগাদকরণ;

- বিভিন্ন মন্ত্রণালয় বিভাগের আওতাধীন নিম্নোক্ত নন-ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেইট নির্ধারণ ও পুন:নির্ধারণে
- অর্থ বিভাগের সম্মতি/মতামত প্রদান:

১.	প্রত্নতত্ত্ব অধিদপ্তরের অধীনস্থ কতিপয় জাদুঘর/প্রত্নস্থলে প্রবেশ মূল্য নতুনভাবে চালুকরণ;
২.	‘কর্ণফুলী নদীর কাপ্তাই খালের মুখ’ নামক স্থানের নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে ড্রেজিং এর মাধ্যমে উত্তোলিত বালির রাজস্ব নির্ধারণ;
৩.	সরকারি হাঁস-মুরগির খামারসমূহে উৎপাদিত একদিন বয়সের বাচ্চাসহ বিভিন্ন বয়সের হাঁস-মুরগি ও ডিমের মূল্য নির্ধারণ;
৪.	ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিসের জন্য Session Based USSD Pricing এবং সেই সংক্রান্ত শর্তাবলী নির্ধারণ;
৫.	বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের লাইসেন্স ফি ও নবায়ন ফি পুন:নির্ধারণের লক্ষ্যে সম্মতি জ্ঞাপন;
৬.	ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হেমাটোলজি বিভাগে HB Electrophoresis ইউজার ফি’র হার নির্ধারণ;
৭.	জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা-র পেয়িং ও নন-পেয়িং শয্যার হার নির্ধারণ;
৮.	ইলেক্ট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) মোবাইল মানি অর্ডার সার্ভিস এজেন্সী প্রদান এবং পোস্ট ই-সেন্টার এর মাধ্যমে পরিচালনার জন্য এজেন্সী কমিশন/ফি নির্ধারণ;
৯.	বাংলাদেশ জাতীয় জাদুঘরে আগত বিদেশী দর্শকদের প্রবেশমূল্য বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের মতামত প্রদান;
১০.	‘বস্ত্র আইন, ২০১৮’ এর ধারা অনুযায়ী বায়িং হাউজের নিবন্ধন ফি নির্ধারণ;
১১.	Continuous Ambulatory Peritoneal Dialysis (CAPD) ফ্লুইড এর মূল্য নির্ধারণ;
১২.	‘ISBN (International standard Book Number)’ ফি পুন:নির্ধারণ;
১৩.	জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে NT pro BNP/BNP পরীক্ষার ফি নির্ধারণ;
১৪.	মেহেরপুর আমঝুপি নীলকুঠি ভবন জাদুঘরের প্রবেশ মূল্য চালুকরণ;
১৫.	বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার আয় বৃদ্ধির লক্ষ্যে সদরদ্বার এর প্রবেশ ফি, প্রাণি জাদুঘর ও ফিস এ্যাকুরিয়াম এবং পাবলিক টয়লেট ফি পুন:নির্ধারণ;
১৬.	রেইনবো চলচ্চিত্র সংসদ কর্তৃক আয়োজিত ‘সপ্তদশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব’-এ প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের সেন্সর ফি মওকুফ;
১৭.	সড়ক ও জনপথ অধিদপ্তরের পরদর্শন বাংলো/অফিস কাম পরিদর্শন বাংলো ব্যবহারে কক্ষ বরাদ্দের ভাড়া পুন:নির্ধারণ;
১৮.	বড়দহ সেতুতে আরোপিত টোল মওকুফ সম্পর্কে মতামত প্রদান;
১৯.	মহান স্বাধীনতা যুদ্ধে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের গাড়ীর রোড ট্যাক্স ও ফিটনেস ফি মওকুফ;
২০.	বেনাপোল স্থলবন্দরের জন্য ট্যারিফ হার পুনধার্যকরণ;
২১.	বাংলাদেশী অফিসার ও নাবিকদের কন্টিনিউয়াস ডিসচার্জ সার্টিফিকেট (সিডিসি)’র মেয়াদ ৫ বছরের স্থলে ১০ বছর করা এবং সে অনুযায়ী ফি বৃদ্ধিকরণ; এবং
২২.	বেনাপোল স্থলবন্দরের জন্য ট্যারিফ হার পুন:নির্ধারণসহ নাইট চার্জ ও হলিডে চার্জ প্রত্যাহার।